



BANGLADESH FEDERATION OF FILM SOCIETIES  
বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ  
MEMBER, INTERNATIONAL FEDERATION OF FILM SOCIETIES



২৭ সেপ্টেম্বর, ২০২৫

### সংবাদ বিজ্ঞপ্তি

আজ ২৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ এর তত্ত্বাবধানে গঠিত “অস্কার বাংলাদেশ কমিটি” এর এক সংবাদ সম্মেলনে “বাড়ির নাম শাহানা” চলচ্চিত্র কে একাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস (এএমপিএএস) আয়োজিত ৯৮তম একাডেমি এ্যাওয়ার্ডস (অস্কার) এর আন্তর্জাতিক ফিচার ফিল্ম বিভাগ (বিদেশি ভাষার চলচ্চিত্র হিসেবে পরিচিত) প্রতিযোগিতায় অংশ নিতে নির্বাচন করা হয়। রাজধানী ঢাকার হোটেল প্যান পাসিফিক সোনারগাঁও এ সকাল ১০.৩০ এ সংবাদ সম্মেলনটি অনুষ্ঠিত হয়। অস্কার কমিটির সভাপতি জনাব জহিরুল ইসলাম জুরী বোর্ড এর সিদ্ধান্ত অনুযায়ী উক্ত অনুষ্ঠানে এই ঘোষণা করেন। অনুষ্ঠানে অস্কার কমিটির সদস্যবৃন্দ, আবেদনকৃত চলচ্চিত্রের প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক ও চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

বাংলাদেশি চলচ্চিত্র জমা দেওয়ার আনুষ্ঠানিক আহ্বানে নির্ধারিত সময়ের মধ্যে ৫টি সিনেমা জমা পড়েছিলো। বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ (বিএফএফএস)-এর অফিস থেকে আগ্রহী চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজকদের ফরম সংগ্রহ ও জমাদানের মাধ্যমে এ সিনেমাগুলো জমা পড়ে। ১৬ সেপ্টেম্বর ছিল সিনেমা জমা দেওয়ার শেষ তারিখ। জমা পড়া সিনেমা পাঁচটি হলঃ ‘সাবা’ (পরিচালক: মাকসুদ হোসাইন; প্রযোজনা সংস্থা: ভেরাইটি পিকচারস লিঃ), ‘বাড়ির নাম শাহানা’ (পরিচালক: লীসা গাজী; প্রযোজনা সংস্থা: কমলা কালেক্টিভ ও গুপী বাঘা প্রোডাকশন লিমিটেড), ‘নকশিকাঁথার জমিন’ (পরিচালক: আকরাম খান; প্রযোজনা সংস্থা: নিমগ্ন ফিল্মস), ‘প্রিয় মালতী’ (পরিচালক: শঙ্খ দাশগুপ্ত; প্রযোজনা সংস্থা: ফিল্মি ফিচার) ও ‘ময়না’ (পরিচালক: মনজুরুল ইসলাম মেঘ; প্রযোজনা সংস্থা: অপরাজিতা এন্টারটেইনমেন্ট)।

একাডেমি কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী, বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ (বিএফএফএস)-এর তত্ত্বাবধানে ড. মোহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে ‘অস্কার বাংলাদেশ কমিটি’ গঠিত হয় এবং বাংলাদেশ থেকে এন্ট্রি নির্বাচন ও প্রেরণ করার দায়িত্ব পায়। কমিটির বাকি সদস্যবৃন্দ: সাজ্জাদ শরিফ (চলচ্চিত্র সমালোচক), রাশেদ জামান (চলচ্চিত্রগ্রাহক), শাহরিন আক্তার সুমি (চলচ্চিত্র প্রযোজক), শাহীন দিল-রিয়াজ (চলচ্চিত্র পরিচালক), এস এম ইমরান হোসেন (চলচ্চিত্র শিক্ষক)। গত ২৪ ও ২৫ সেপ্টেম্বর জমা পড়া চলচ্চিত্রগুলোর স্ক্রিনিং এ অস্কার কমিটির সদস্যবৃন্দ যাচাই-বাছাই ও পর্যালোচনা করেন। আজ সংবাদ সম্মেলনে “অস্কার বাংলাদেশ কমিটি” জমা পড়া ০৫ টি চলচ্চিত্রের মধ্যে “বাড়ির নাম শাহানা” চলচ্চিত্রকে ৯৮তম একাডেমি এ্যাওয়ার্ডস (অস্কার) এর আন্তর্জাতিক ফিচার ফিল্ম বিভাগ প্রতিযোগিতায় বাংলাদেশ এন্ট্রি হিসেবে অংশ নিতে নির্বাচন করে।

নির্বাচিত ছবিটি চলচ্চিত্রের বৈশ্বিক মঞ্চে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করবে। বাংলাদেশ থেকে অস্কারের বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম বিভাগে পাঠানোর জন্য জমা পড়া পাঁচটি সিনেমাকে বিচার-বিশ্লেষণ করে অস্কারের জন্য সর্বসম্মতিক্রমে উক্ত সিনেমাকে মনোনয়ন দেওয়া হয়।

আব্দুল্লাহ আল মারুফ

সমস্বয়ক, অস্কার বাংলাদেশ কমিটি

ইমেইল: info.bffs@gmail.com,



BANGLADESH FEDERATION OF FILM SOCIETIES  
বাংলাদেশ ফেডারেশন অফ ফিল্ম সোসাইটিজ  
MEMBER, INTERNATIONAL FEDERATION OF FILM SOCIETIES



**PRESS RELEASE**

**Bangladesh Selects Leesa Gazi's 'Barir Naam Shahana' (A House Named Shahana) as Official Entry for the 98th Academy Awards**

**DHAKA, BANGLADESH – September 27, 2025** - The Oscar Bangladesh Committee, operating under the supervision of the Bangladesh Federation of Film Societies (BFFS), today announced the selection of the feature film **'Barir Naam Shahana' (A House Named Shahana)** as the country's official submission for the **International Feature Film** category (formerly known as Best Foreign Language Film) of the **98th Academy Awards (Oscars)**.

The announcement was made at a press conference held this morning, September 27, 2025, at 10:30 AM at the Pan Pacific Sonargaon Hotel in Dhaka. Dr. Mohammad Zahirul Islam, Chairperson of the Oscar Bangladesh Committee, formally declared the decision made by the Juror Board at the event. Committee members, representatives from the submitted films, journalists, and film industry professionals were present.

A total of five films were submitted for consideration by the deadline of September 16, 2025 with eligibility period being from October 1, 2024 to September 30, 2025. The films were: **'Saba'** (Director: Maksud Hossain; Production Company: Variete Pictures Ltd.); **'Barir Naam Shahana'** (Director: Leesa Gazi; Production Company: Kamala Collective and Gupi Bagha Productions Limited); **'Nokshikathar Jomin'** (Director: Akram Khan; Production Company: Nimogno Films); **'Priyo Malati'** (Director: Shankha Dasgupta; Production Company: Filmy Feature); **'Moyna'** (Director: Manjurul Islam Megh; Production Company: Aparajita Entertainment)

The 'Oscar Bangladesh Committee,' chaired by Dr. Mohammad Zahirul Islam, reviewed and deliberated on the submitted films following screenings on September 24 and 25, ultimately selecting **'Barir Naam Shahana'** to represent Bangladesh on the global cinematic stage at the 98th Academy Awards.

The film, directed by **Leesa Gazi** and produced by **Arifur Rahman**, was unanimously nominated by the selection committee following a thorough analysis of all five submitted movies. The entire film community extends its best wishes to the cast, crew, producers, and director of 'Barir Naam Shahana' as it moves forward in the competition.

Thanking you,  
Abdullah Al Maruf  
Coordinator,  
Oscar Bangladesh Committee  
Email: [info.bffs@gmail.com](mailto:info.bffs@gmail.com)

# বাড়ির নাম শাহানা

A  
HOUSE  
NAMED  
SHAHANA



লীসা গাজী

পরিচালনা

অভিনয় আনন সিদ্দীকা লুৎফর রহমান জর্জ ইরেশ যাকের কাজী রুমা কামনুহার মুল্লী মুগ্ধতা মোরসেদ হাদি আরিফ ইসলাম  
প্রযোজনা কমলা কালেক্টিভ গুপী বাঘা প্রোডাকশন লিমিটেড চিত্রনাট্য লীসা গাজী এবং আনন সিদ্দীকা চিত্রগ্রাহক জোয়াহের মোসাব্বির  
সংগীত পরিচালক সোহিনী আলম শব্দ গ্রহণ নাহিদ মাসুদ সহযোগী প্রযোজক আরিফুর রহমান এবং বিজন ইমতিয়াজ  
নির্বাহি প্রযোজক ফয়সাল গাজী এবং কৃষ্ণেন্দু চট্টোপাধ্যায় সহযোগী প্রযোজক মোহাম্মদ রাফি সুমন শিল্প নির্দেশক শিহাব নুরুন নবী এবং রহিমা বেগম  
কস্টিউম ডিজাইনার তানিয়া রহমান শব্দ প্রকৌশলী সুকান্ত মজুমদার গল্প লীসা গাজী